



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-৪৫৭

তারিখঃ ০৬/৭/২০১৭ খ্রিস্টাব্দ।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
-----জেলা।

বিষয়ঃ জমাকৃত সঞ্চয়ের উপর প্রদত্ত সুদ সদস্যদের পাশ বহিতে পোষ্টিং দেয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের আওতায় গ্রামের দরিদ্র, অসহায়, সুবিধাবঞ্চিত নারীদের সংগঠিত করে সাপ্তাহিক সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠন এবং বিভিন্ন আইজিএ ভিত্তিক প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। সদস্যগণকে সঞ্চয় জমার বিষয়ে আরও বেশি উদ্বুদ্ধ করতে তাদের জমাকৃত সঞ্চয়ের উপর গত ২৯/৬/২০১৭ তারিখে প্রকল্পের অনলাইন সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে বার্ষিক সুদ প্রদান করা হয়েছে। প্রদত্ত সুদ সদস্যদের পাশ বহিতে পোষ্টিং দেয়ার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন করতে হবে :

- ১। প্রকল্পের হিসাব সহকারীগণ সফটওয়্যারে অটো পোষ্টিংকৃত সুদের তথ্য সমিতি অনুযায়ী প্রিন্ট করে সদস্যদের পাশ বহিতে পোষ্টিং দেয়ার জন্য সংশ্লিষ্ট মাঠ সংগঠককে প্রদান করবেন এবং পোষ্টিং শেষে উহা ফেরত গ্রহণ করে অফিসে সংরক্ষণ করবেন;
- ২। মাঠ সংগঠকগণ প্রদত্ত সঞ্চয়ের সুদ সদস্যদের পাশ বহিতে ২৯/৬/২০১৭ তারিখ ভিত্তিক পোষ্টিং দিবেন এবং সুদ পোষ্টিং দেয়ার ক্ষেত্রে অবশ্যই লাল কালির কলম ব্যবহার করবেন;
- ৩। হিসাব সহকারীগণ সমিতিতে প্রদত্ত সর্বমোট সুদ উপজেলার সঞ্চয় খতিয়ানসহ অন্যান্য খতিয়ান ও ক্যাশ বহিতে পোষ্টিং দিবেন;
- ৪। প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীগণ সমিতির সদস্যদের পাশ বহিতে সুদ পোষ্টিং প্রদান কার্যক্রম তদারকিসহ সরেজমিনে যাচাই করবেন।

অতি শীঘ্রই সদস্যদেরকে সঞ্চয় ও ঋণ কার্যক্রমের তথ্য অবহিত করতে তাদের মোবাইলে Message প্রদান করা হবে। তাই সঠিকভাবে হিসাব কার্যক্রম পরিচালনাসহ অনাকাঙ্ক্ষিত জটিলতা পরিহারের স্বার্থে আগামী ২০/৭/২০১৭ তারিখের মধ্যে প্রত্যেক মাঠসংগঠকের আওতাভুক্ত সমিতির সদস্যদের পাশ বহিতে সুদ পোষ্টিং প্রদান নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বর্ণিত সময়ের মধ্যে পাশ বহিতে সুদ প্রদান কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোহাম্মদ মহিদুর রহমান মিল্লা
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৫। হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।